

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১৯.২০১৪-২১০

তারিখঃ ০৬.১২.২০১৫ ইং।

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মনিরা শারমীন (কোড-১২৬১৪০), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোট চাঁদপুর, ঝিনাইদহ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধির আওতায় 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়; এবং


যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়েছে,

এক্ষণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারী "চাকরী হতে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত)টি কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্ত-তদন্ত প্রতিবেদনের কপি


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মনিরা শারমীন (কোড-১২৬১৪০),
সহকারী সার্জন,
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোট চাঁদপুর, ঝিনাইদহ।
স্থায়ী ঠিকানা-প্রিয়ঙ্গন ১০৩১/৯২৭, গ্রাম-নাজিরপাড়া,
পোস্ট+উপজেলা+জেলা-চাঁদপুর।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১৯.২০১৪-২১০/১(৩)

তারিখঃ ০৬.১২.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ((নোটিশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। সিভিল সার্জন, ঝিনাইদহ।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঝিনাইদহ।

